

সিলেট এমসি কলেজে ভর্তি তালিকা ছিঁড়ে ফেলেছে ছাত্রলীগ কর্মীরা

প্রতিনিধি সিলেট

পছন্দের শিক্ষার্থীদের ভর্তি না করার
সিলেট এমসি কলেজে একাদশ
শ্রেণীতে ভর্তিছু শিক্ষার্থীদের
অপেক্ষণ তালিকা ছিঁড়ে ফেলেছে
ছাত্রলীগ কর্মীরা। গতকাল বেলা দোয়া
১১টার দিকে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, এমসি কলেজ
ছাত্রলীগের লুৎফুর, পলাশ, নৌরউ,
আব্দুল, রায়হান, কনকের নেতৃত্বে ১৩
থেকে ১৫ জনের একটি দল বেলা
১১টার দিকে ক্যাম্পাসে আসে। পরে
ভাড়া তকা ও অনুদান কেন্দ্রে গিয়ে
নির্ভরতার পছন্দের তালিকানুযায়ী
শিক্ষার্থী ভর্তির কথা বলে। তাদের
প্রত্যবে রাজি না হওয়ার ভর্তি কমিটির
প্রধান পরিপন্থায়ন বিভাগের বিভাগীয়
প্রধান প্রফেসর শফিক নেওয়াজসহ
শিক্ষকদের পালিগালাগত করে এবং
দেয়ালে টানানো অপেক্ষমাণ
তালিকাটি ছিঁড়ে ফেলে।

এ ঘটনার পর শিক্ষার্থী ও অভিভাবকরা
আতঙ্কিত হয়ে পড়েন এবং অনেক
ভয়ে ক্যাম্পাস থেকে চলে চান। প্রায়
এক ঘণ্টা সময় ভর্তি কার্যক্রম বন্ধ
পাকার। তালিকা : পৃষ্ঠা : ১৫ ক : ৮

তালিকা ছিঁড়ে ফেলেছে (১ম পৃষ্ঠার পর)

পর সাড়ে ১২টার দিকে আবার শুরু
হয়। এ সময় শিক্ষার্থীদের উপস্থিতি
ভেমন লক্ষ্য করা যায়নি।

এ ব্যাপারে ভর্তি কমিটির প্রধান
শফিক নেওয়াজের কাছে জানতে
চাইলে তিনি মন্তব্য করতে রাজি
হননি।